

তারিখ
পৃষ্ঠা ৩.৬ কলাম ... ৭

ঢাকা মেডিক্যাল নার্সিং ইনস্টিটিউটের কতিপয় ছাত্রীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতাল নার্সিং ইনস্টিটিউটের ১০/১২
জন ছাত্রীর বিরুদ্ধে গুরুতর অভিযোগ পাওয়া গেছে। কোতোয়ালী থানায় ইনস্টিটিউটের দ্বিতীয়
বর্ষের ছাত্রী চৈতালী দে'র বিরুদ্ধে প্রত্যাহার মামলা

ঢাকা মেডিক্যাল

(শেষ পৃষ্ঠা পর)

করা হয়েছে। এই মামলার অপর দুই আসামী
মিলি সিকদার ও পলি সিকদার। এই দুইজন
চৈতালী দে'র বান্ধবী এবং তারা ইনস্টিটিউটের
ছাত্রী নয়। তারা একটি সংঘবদ্ধ প্রত্যাহার
দলের সঙ্গে জড়িত। চৈতালী ও তার দুই
বান্ধবী লঞ্চযোগে মার্চের প্রথম দিকে চাঁদপুর
হয়ে ঢাকায় আসে। লঞ্চে অপর এক মহিলা
যাত্রীর সঙ্গে চৈতালী ও তার দুই বান্ধবী
কৌশলে সখ্যতা গড়ে তোলে। এক পর্যায়ে
মহিলা যাত্রীকে নেশায়ুক্ত খাবার খাইয়ে
স্বর্ণালঙ্কারসহ তার সর্বস্ব নিয়ে যায়। তিনদিন
পর জ্ঞান ফিরে আসার পর মহিলা যাত্রী
চৈতালী ও তার দুই বান্ধবীর নামে
কোতোয়ালী থানায় মামলা দায়ের করেন।
গতকাল শনিবার হোস্টেলে চৈতালী সম্পর্কে
শোঁজখবর নিতে গেলে একজন কর্মকর্তা
জানান, আরোও ১০/১২ জন ছাত্রীর বিরুদ্ধে
রাতে আবাসিক হোস্টেলে থেকে অসামাজিক
কার্যকলাপের সঙ্গে জড়িত থাকার অভিযোগ
রয়েছে। হোস্টেলের নিয়ম-কানুন উপেক্ষা করে
রাতে এ সকল ছাত্রী বাহিরে যাওয়ার সুযোগ
করে দেয়ার কাজে কয়েকজন দারওয়ান
জড়িত। ইতিমধ্যে হোস্টেলের নিয়ম উপেক্ষা
করে চলার কারণে ২ জন ছাত্রীকে ঢাকার
বাইরে ইনস্টিটিউটে বদলি করা হয়েছে বলে এ
কর্মকর্তা জানান। নার্সিং ইনস্টিটিউটে
অব্যবস্থার জন্য এই ধরনের ঘটনা ঘটছে বলে
কয়েকজন ছাত্রী জানায়।